# উপজেলা পরিষদ কার্যালয়
মনপুরা, ভোলা।

"শেখ হাসিনার মূলনীতি,
গ্রাম শহরের উন্নতি"

| | | |
|---|---|---|
| সভার নাম | ঃ | মার্চ/২০২২ খ্রি. মাসের মাসিক সভা। |
| সভার তারিখ | ঃ | ১৪/০৩/২০২২ খ্রিস্টাব্দ। |
| সভার সময় | ঃ | বেলা ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ। |
| সভার সভাপতি | ঃ | জনাবা শেলিনা আকতার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনপুরা, ভোলা। |

**উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক'**
**অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'খ'**

সভার শুরুতে উপস্থিত সকল সম্মানিত সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয় । অত:পর উপজেলা নির্বাহী অফিসার, মনপুরা, ভোলা বিগত সভার কার্যবিবরনী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতি ক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। উপস্থিত সকল কর্মকর্তাকে সভায় আলোচিত বিষয়ের উপর নোট নিতে অনুরোধ করা হয়; যাতে পরবর্তী সভার পূর্বেই সে বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে পারেন। অত:পর পর্যায়ক্রমে বিভিন্ন বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে নিম্নরুপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| নং | বিভাগ/দপ্তরওয়ারী আলোচনা/তথ্য | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **<u>উপজেলা স্বাস্থ্য বিভাগের কার্যক্রম পর্যালোচনা ঃ</u>**<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মনপুরা ভোলা সভায় জানান যে, মনপুরা উপজেলায় ইতোমধ্যে ৭৫% জনগনকে কোভিড-১৯ টিকার ১ম ডোজ প্রদান করা হয়েছে। কোভিড-১৯ টিকা প্রদানে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, মনপুরা, ভোলা, অত্র জেলার মধ্যে সর্বোচ্চ পর্যায়ে রয়েছে। তিনি আরো জানান যে, আগামী ২৮ মার্চ কোভিড-১৯ গন টিকার ২য় ডোজ প্রদান করা হবে। তিনি এ বিষয়ে সকলের সহযোগীতা কামনা করেন। | ভোলা জেলায় কোভিড-১৯ টিকা প্রদানে সর্বোচ্চ স্থানে থাকায় উপজেলা স্বাস্থ্য কর্মকর্তাকে উপজেলা পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। সরকারি নির্দেশনা মেনে কার্যক্রম অব্যহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, |
| ০২ | **<u>কৃষি বিভাগের কার্যক্রম আলোচনা ঃ</u>**<br>উপজেলা কৃষি অফিসার, মনপুরা, সভায় জানান যে, বিএডিসি এর মাধ্যমে মনপুরা উপজেলার হাজীরহাট ইউনিয়নের দাসেরহাট এলাকায় ২কিঃমিঃ খাল খননের কাজ চলমান রয়েছে। এছাড়া অচিরেই মনপুরা উপজেলায় আরো ৮কিঃ মিঃ খাল খননের পরিকল্পনা রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক রয়েছে। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে খাল খননের কাজ সুন্দর ও সুষ্ঠভাবে করার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, মনপুরা, ভোলা। |

১৪/০৩/২০২২

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **উপজেলা মৎস্য বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br><br>উপজেলা মৎস্য কর্মকর্তা মনপুরা, ভোলা, সভায় জনান যে, জাটকা সংরক্ষণ অভিযান ২০২২ বাস্তবায়নে নিমিত্ত মৎস্য আহরণে বিরত থাকা জেলেদের জন্য ফেব্রয়ারি ও মার্চ দুই মাসের ৮০ কেজি হারে ভিজিএফ চাল ৭০০০ জন জেলে পরিবারের জন্য বরাদ্দ আসছে। ইতোমধ্যে ইউপি চেয়ারম্যানদের বরাবর ডিও প্রদান করা হয়েছে। চেয়ারম্যানদের অতিসত্বর ভিজিএফ বিতরণ করার অনুরোধ করা হয়। এছাড়া অভয়াশ্রম ও জাটকা রক্ষা কার্যক্রম সুন্দর ভাবে চলমান আছে। | সুস্ঠু, সুন্দর ও সরকারি নির্দেশানা মেনে ভিজিএফ এর চাল বিতরনের জন্য সকল চেয়ারম্যানগণকে সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, মনপুরা, ভোলা, ও চেয়ারম্যান সকল ইউনিয়ন পরিষদ। |
| ০৪ | **উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br><br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মনপুরা, ভোলা সভায় অনুপস্থিত থাকায় এ দপ্তরের কার্যক্রম আলোচনা করা যায়নি। সভাপতি নিয়মিত সভায় উপস্থিত থাকাসহ সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখার অনুরোধ করেন। | নিয়মিত সভায় উপস্থিত থাকাসহ সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ০৫ | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা সভায় জানান যে, অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের আবাসন নির্মান প্রকল্পের ১০টি গৃহের ১০টিরই ছাদ ঢালাই, প্লাস্টার, গ্রীল এর কাজ শেষ হয়েছে। মুজিব শতবর্ষের গৃহহীন এর ২১০টি গৃহের নির্মান কাজ চলমান রয়েছে। টিআর সাধারন ২য় পর্যায়ের প্রকল্প অনুমোদনের জন্য জেলা প্রশাসক, ভোলা মহোদয়ের বরাবরে প্রেরণ করা হয়েছে। ০৩টি মুজিব কিল্লার কাজ চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিক রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ০৬ | **উপজেলা সমাজসেবা বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br><br>উপজেলা সমাজেসেবা কর্মকর্তা, মনপুরা ভোলা এর পক্ষে জনাব মোঃ শাহে আলম জানান যে সভায় জানান যে, তাদের দাপ্তরিক কাজ ভালোভাবে চলছে। আপাতত: কোন সমস্যা নাই। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ০৭ | **উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br><br>উপজেলা শিক্ষা কর্মকর্তা, মনপুরা, সভায় জানান যে, তাদের দাপ্তরিক কাজ ভালোভাবে চলছে। আপাতত: কোন সমস্যা নাই। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মনপুরা, ভোলা |
| ০৮ | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মনপুরা ভোলা সভায় অনুপস্থিত থাকায় এ দপ্তরের কার্যক্রম আলোচনা করা যায়নি। | নিয়মিত সভায় উপস্থিত থাকাসহ সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ০৯ | **উপজেলা যুব উন্নয়ন বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br><br>উপজেলা যুব কর্মকর্তা, মনপুরা, ভোলা সভায় জানান যে, তাদের দাপ্তরিক কাজ ভালোভাবে চলছে। আপাতত: কোন সমস্যা নাই। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা। |

১৪/০৩/২০২২

| | | | |
|---|---|---|---|
| ১০ | উপজেলা প্রকৌশল বিভাগের কার্যক্রম আলোচনা ঃ<br><br>১। মনপুরা উপজেলার ১১টি প্রাথমিক বিদ্যালয়ে প্লাষ্টিকের উচু-নিচু পেইয়ার বেঞ্চ সরবরাহ ও মনপুরা উপজেলার ১৪টি মাধ্যমিক-উচ্চমাধ্যমিক ও কলেজে প্লাষ্টিকের পেইয়ার বেঞ্চ সরবরাহ।<br><br>মনপুরা উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভার সভাপতির অনুমতিক্রমে, উপজেলা পরিষদের সদস্য এবং প্রকল্প বাছাই কমিটির সদস্য সচিব উপজেলা প্রকৌশলী জনাব মোঃ হাসনাইন আহমেদ বলেন জিওবি ও জাইকার অর্থায়নে স্থানীয় সরকার বিভাগ কর্তৃক পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়িত উপ-প্রকল্প সমূহ টেন্ডারের মাধ্যমে ৫ম ধাপে মনপুরা উপজেলা ০২টি কাজের মধ্যে ২টি কাজ প্রাক্কলন ও ডিজাইন অনুযায়ী সম্পন্ন করা হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় সরবরাহ/অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ঠিকাদার মেসার্স লিয়ন এন্টারপ্রাইজ, মনপুরা, ভোলা কর্তৃক মনপুরা উপজেলার ১১টি প্রাথমিক বিদ্যালয়ে প্লাষ্টিকের উচু-নিচু পেইয়ার বেঞ্চ সরবরাহ কাজের (উপ-প্রকল্প নং- INF-2020-21-100965-01)কাজের প্রাক্কলিত মূল্য ২২,৫০,০২৩/- ও চুক্তি মূল্য ২২,৪৭,৯৯৮/- এবং মেসার্স মনোয়ারা এন্টারপ্রাইজ, মনপুরা, ভোলা কর্তৃক মনপুরা উপজেলার ১৪টি মাধ্যমিক-উচ্চমাধ্যমিক ও কলেজে প্লাষ্টিকের পেইয়ার বেঞ্চ সরবরাহ (উপ-প্রকল্প নং- INF-2020-21-100965-02)কাজের প্রাক্কলিত মূল্য ২৬,২৮,০২৬/- ও চুক্তি মূল্য ২৬,২৫,৩৯৮/-উক্ত কাজ সম্পন্ন করিয়া বিলের জন্য আবেদন করেন। উক্ত আবেদন প্রেক্ষিতে প্রকল্প কাজ সমূহ সরেজমিনে পরিদর্শনপূর্বক উপজেলা প্রকৌশলীকাজ সমাপ্তি প্রতিবেদন দাখিল করেন। যাহার প্রেক্ষিতে উক্ত সমাপ্তকৃত প্রকল্পের কাজের আগামী ১৪/০৩/২০২২খ্রিঃ তারিখে উদ্বধণী অনুষ্ঠান নির্ধারন করা হয় ও উদ্বধনী অনুষ্ঠান শেষে বিল প্রস্তুত পূর্বক উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের, পরিচালক মহোদয়ের বরাবর প্রেরণ করার প্রয়োজন। | ১) সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।আলোচনান্তে উল্লেখিত উপজেলা পরিষদের মাসিক সভায় চূড়ান্ত অনুমোদনে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মনপুরা-ভোলাকে দ্রুত ২টি কাজের বিল প্রস্তুত পূর্বক প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, মনপুরা, ভোলা। |
| | ২। মনপুরা উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভার সভাপতির অনুমতিক্রমে, উপজেলা পরিষদের সদস্য এবং প্রকল্প বাছাই কমিটির সদস্য সচিব উপজেলা প্রকৌশলী জনাব মোঃ হাসনাইন আহমেদ বলেন গত ৩১-০১-২০২২ইং তারিখে ২০২১-২০২২ইং অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কমসূচী(এডিপি)'র আওতায় উপজেলা মাসিক সভায় স্কীম অনুমোদন পাওয়া গেছে। স্কীম সমূহ বাস্তবায়নের লক্ষ্যে টেন্ডার প্রক্রিয়াধীন রয়েছে। উপজেলা পরিষদের **ই-জিপি** আইডি তৈরী না থাকায় ও ২০২১-২০২২অর্থ বছরের অধিকাংশ সময় কোভিড-১৯ এর কারনে অতিবাহিত হওয়ায় এবং দক্ষ জনবল অভাব পরিলক্ষিত হওয়ায় ২০২১-২০২২ইং অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কমসূচী(এডিপি) টেন্ডার অফলাইনে করার ব্যাপারে উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন প্রয়োজন। | ২) সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।আলোচনান্তে উল্লেখিত উপজেলা পরিষদের মাসিক সভায় চূড়ান্ত অনুমোদনে সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় এবং উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মনপুরা-ভোলাকে দ্রুত ২০২১-২০২২ইং অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কমসূচী(এডিপি) টেন্ডার অফলাইনে করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, মনপুরা, ভোলা। |

১৪/০৩/২০২২

| | | | |
|---|---|---|---|
| ১১ | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের কার্যক্রম আলেচনা ঃ**<br>উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল, কর্মকর্তা, মনপুরা ভোলা সভায় অনুপস্থিত থাকায় এ দপ্তরের কার্যক্রম আলোচনা করা যায়নি। সভাপতি জানান যে উক্ত কর্মকর্তা দীর্ঘদিন যাবৎ মাসিক সভায় অনিয়মিত রয়েছেন। তিনি এ বিষয়ে দাপ্তরিক নথিপত্র যাছাই করে উক্ত কর্মকর্তার বিষয়ে সিদ্ধান্ত গ্রহনের প্রয়োজনীয়তার বিষয়ে উল্লেখ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে উল্লিখিত কর্মকর্তাকে কারন দর্শানোর নোটিশসহ উর্দ্ধতন কর্তৃপক্ষকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, মনপুরা, ভোলা। |
| ১২ | **উপজেলা সমবায় বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br>উপজেলা সমবায় কর্মকর্তা, মনপুরা, ভোলা সভায় জানান যে, তারা অফিস ভবনের কার্যক্রম চালানোর জন্য জনৈক বেলাল নামের এক ব্যক্তির কাছ থেকে মাসিক ৬৫০০/- (ছয় হাজার পাঁচশত) টাকায় একটি প্লাট ভাড়া নিয়েছেন। বর্তমানে তাদের দাপ্তরিক কার্যক্রম ভালোভাবে চলছে। আপাতত: কোন সমস্যা নাই। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ১৩ | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিগত ০৮/০২/২০২২ খিস্টাব্দ তারিখ প্রকাশ্য নিলামের মাধ্যমে ৩নং উত্তর সাকুচিয়া ইউনিয়নে হেল্প অর্গানাইজেশন কর্তৃক নির্মিত পুরাতন সাইক্লোন সেল্টারটি ৪৫৫০০০/- (চার লক্ষ পঞ্চান্ন) হাজার টাকায় নিলাম করা হয়েছে এবং উক্ত নিলামের টাকা উপজেলা পরিষদের রাজস্ব তহবিলে জমা করা হয়েছে। উপজেলা পরিষদ মালিকানাহীন হিসেবে উক্ত সাইক্লোন সেল্টারটি নিলামে ব্রিকয় করলেও প্রকৃত পক্ষে উক্ত ভবনটি মনপুরা কেন্দ্রীয় সমবায় সমিতি (UCCA) এর আওতাভুক্ত সম্পদ। ১৯৭০ সনের প্রলয়ংকরী ঘুর্নিঝরের পর হেল্প সংস্থা মনপুরা ইউনিয়নের আন্দিরপাড় মৌজার ১৯.৯৪ একর সম্পত্তিসহ ৩নং উত্তর সাকুচিয়া ইউনিয়নের উক্ত সাইক্লোন সেল্টারটি ২১/০৩/১৯৮৪ ইং সনের ম্যানেজিং কমিটির সভার রেজুলেশন সংস্থাটি বিলুপ্ত হওয়ার পূর্বে UCCA) কে হস্তান্তর করেন। তিনি এ বিষয়ে সংশ্লিস্ট কাগজপত্রসহ মনপুরা ইউসিসিএ লিঃ এর বর্তমান চেয়ারম্যান জনাব মোঃ আব্দুস ছালাম এর ০১টি আবেদন সভায় উপস্থাপন করেন। উপজেলা নির্বাহী অফিসার আবেদনসহ সংযুক্ত কাগজপত্রাদি সভায় উপস্থাপন করেন। সভায় ইউসিসিএ লিঃ এর বর্তমান চেয়ারম্যান জনাব মোঃ আব্দুস ছালাম এর দাখিলকৃত কাগজপত্রাদি পর্যালোচনা করে সঠিক মর্মে বিবেচিত হয়। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে ৩নং উত্তর সাকুচিয়া ইউনিয়নে হেল্প অর্গানাইজেশন কর্তৃক নির্মিত পুরাতন সাইক্লোন সেল্টারটি নিলামের সমূদয় টাকা মনপুরা ইউসিসি এর হিসাবে জমা প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, মনপুরা, ভোলা। |
| ১৪ | **উপজেলা বন বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br>উপজেলা বন কর্মকর্তা, মনপুরা, ভোলা সভায় জানান যে, ভোলা সভায় জানান যে, তাদের দাপ্তরিক কাজ ভালোভাবে চলছে। আপাতত: কোন সমস্যা নাই। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা বন কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ১৫ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মনপুরা, সভায় জানান যে, ১২-১৭ বছরের শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকা প্রদানের জন্য কার্যক্রম চলমান রয়েছে। উপজেলার ৯৫% শিক্ষার্থী ইতোমধ্যে কোভিড-১৯ টিকার ১ম ডোজ সম্পন্ন হয়েছে। শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা মেনে শিক্ষা কার্যক্রম চলান রয়েছে। আপাতত: কোন সমস্যা নাই। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ১৬ | **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম আলোচনা ঃ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মনপুরা, ভোলা সভায় অনুপস্থিত থাকায় এ দপ্তরের কার্যক্রম আলোচনা করা যায়নি। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা পরিকল্পনা কর্মকর্তা। |

১৪/০৩/২০২২

| | | | |
|---|---|---|---|
| ১৭ | **<u>উপজেলা দারিদ্র বিমোচন বিভাগের কার্যক্রম আলোচনা ঃ</u>**<br><br>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মনপুরা, ভোলা সভায় অনুপস্থিত থাকায় এ দপ্তরের কার্যক্রম আলোচনা করা যায়নি। | সভাপতি নিয়মিত সভায় উপস্থিত থাকাসহ সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখার অনুরোধ করেন। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মনপুরা, ভোলা। |
| ১৮ | **<u>আমার বাড়ি আমার খামার বিভাগের কার্যক্রম আলোচনা ঃ</u>**<br><br>উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার, মনপুরা, ভোলা সভায় জানান যে, তাদের দাপ্তরিক কাজ ভালোভাবে চলছে। আপাততঃ কোন সমস্যা নাই। | সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম অব্যহত রাখতে হবে। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, মনপুরা, ভোলা। |
| ১৯ | বিবিধ আলোচনাঃ<br><br>ক) উপজেলা পরিষদের মালিকানাধীন হাফিজিয়া মুকবুলিয়া মাদ্রাসার পার্শ্বের জলাশয়ের ইজারার মেয়াদ বৃদ্ধি করণ ঃ<br><br>উপজেলা নির্বাহী অফিসার, মনপুরা, ভোলা সভায় জানান যে, উপজেলা পরিষদের মালিকানাধীন হাফিজিয়া মুকবুলিয়া মাদ্রাসার পার্শ্বের জলাশয়ের ইজারার মেয়াদ আরো ০৩ ভচর বৃদ্ধির জন্য বর্তমান ইজারাদার জনাব মোঃ জামাল উদ্দিন একখানা আবেদন করেছেন। তিনি আবেদনখানা সভায় পাঠ করে শোনান। আবেদনে জনাব মোঃ জামাল উদ্দিন কোভিড-১৯ পরিস্থিতির কারনে জলাশয়টি ইজারা নিলেও মাছ চাষে আশানুরুপ সাফল্য লাভ না হওয়ায় মানিবক কারনে উক্ত জলাশয়টির ইজারার মেয়াদ আরো ০৩ বছর বাড়িয়ে ১৪৩১ বাংলা সনের ৩০শে চৌত্র পর্যন্ত বৃদ্ধি করার আবেদন করেন।<br><br>খ) ১০ নং কোয়ার্টারের সামনের জলাশয়টির ইজারার মেয়াদ বৃদ্ধি করন।<br>উপজেলা নির্বাহী অফিসার, মনপুরা, ভোলা সভায় জানান যে, উপজেলা পরিষদের মালিকানাধীন ১০ নং কোয়ার্টারের সামনের জলাশয়ের ইজারার মেয়াদ আরো ০৩ বছর বৃদ্ধির জন্য বর্তমান ইজারাদার জনাব মোঃ বেলাল হোসেন একখানা আবেদন করেছেন। তিনি আবেদনখানা সভায় পাঠ করে শোনান। আবেদনে জনাব মোঃ বেলাল কোভিড-১৯ পরিস্থিতির কারনে জলাশয়টি ইজারা নিলেও মাছ চাষে আশানুরুপ সাফল্য লাভ না হওয়ায় মানিবক কারনে উক্ত জলাশয়টির ইজারার মেয়াদ আরো ০৩ বছর বাড়িয়ে ১৪৩১ বাংলা সনের ৩০শে চৌত্র পর্যন্ত বৃদ্ধি করার আবেদন করেন। | ক) বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে কোভিড-১৯ পরিস্থিতির কারনে মানিবক কারনে তার অনুকুলে উল্লেখিত জলাশয়টি পুনরায় ০৩ বছর ইজারা বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে কোভিড-১৯ পরিস্থিতির কারনে মানিবক কারনে তার অনুকুলে উল্লেখিত জলাশয়টি পুনরায় ০৩ বছর ইজারা বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, মনপুরা, ভোলা।<br><br>উপজেলা নির্বাহী অফিসার, মনপুরা, ভোলা। |

১৪/০৩/২০২২

| | | | |
|---|---|---|---|
| | গ) উপজেলা পরিষদের মালিকানাধীন ২০০টি নারিকেল গাছের ইজারার মেয়াদ বৃদ্ধি করণ ঃ<br><br>উপজেলা নির্বাহী অফিসার, মনপুরা, ভোলা সভায় জানান যে, উপজেলা পরিষদের মালিকানাধীন ২০০টি নারিকেল গাছের ইজারার মেয়াদ আরো ০৩ বছর বৃদ্ধির জন্য বর্তমান ইজারাদার জনাব মোঃ ছলেমান একখানা আবেদন করেছেন। তিনি আবেদনখানা সভায় পাঠ করে শোনান। আবেদনে জনাব মোঃ বেলাল কোভিড-১৯ পরিস্থিতির কারনে গাছগুলো ইজারা নিলেও আশানুরুপ সাফল্য লাভ না হওয়ায় মানিবক কারনে উক্ত গাছগুলি ইজারার মেয়াদ আরো ০৩ বছর বাড়িয়ে ১৪৩১ বাংলা সনের ৩০শে চৌত্র পর্যন্ত বৃদ্ধি করার আবেদন করেন। | গ) বিষয়টি সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে কোভিড-১৯ পরিস্থিতির কারনে মানিবক কারনে তার অনুকুলে উল্লেখিত নারিকেল গাছগুলি পুনরায় ০৩ বছরের জন্য ইজারার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, মনপুরা, ভোলা। |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়

(শেলিনা আকতার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মনপুরা, ভোলা।
✆ ০১৭১৫-২৪৬৭৮৯

স্মারক নং- ৪৬.১০.০৯৬৫.০০০.০৪.০১৯.২২-          তারিখঃ ১৪/০৩/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

০১. মাননীয় সংসদ সদস্য, ১১৮, ভোলা - ৪ (চরফ্যাশন-মনপুরা)।
০২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
০৪. জেলা প্রশাসক, ভোলা।
০৫. জনাব --------------------------------------- ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনপুরা,ভোলা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

০৬. উপজেলা ............................................ কর্মকর্তা, মনপুরা, ভোলা।
০৭. চেয়ারম্যান, .......................................... ইউপি, মনপুরা, ভোলা।
০৮. জনাব ................................................

(মোঃ শামীম মিঞা)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
মনপুরা, ভোলা।
☎ ০৪৯২৬-৫৬০০১
✉ unomonpura@mopa.gov.bd

## উপস্থিত সদস্য বৃন্দ পরিশিষ্ট 'ক'

০১. শেলিনা আকতার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মনপুরা, ভোলা।
০২. মোঃ শামীম মিঞা, উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত), মনপুরা, ভোলা।
০৩. জনাব মোহাম্মদ আবদুর রহমান, উপজেলা ভাইস চেয়ারম্যান, মনপুরা, ভোলা।
০৪. জনাব পারভিন আক্তার (রেবু), উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, মনপুরা, ভোলা।
০৫. জনাব মোঃ জাকির হোসেন, চেয়ারম্যান, ৩নং উত্তর সাকুচিয়া ইউনিয়ন, মনপুরা, ভোলা।
০৬. জনাব মোঃ অলিউল্যাহ কাজল, চেয়ারম্যান, ৪নং দক্ষিণ সাকুচিয়া, মনপুরা, ভোলা।
০৭. জনাব মোঃ নিজামউদ্দিন হাওলাদার, চেয়ারম্যান, ২নং হাজীরহাট ইউনিয়ন পরিষদ।
০৮. চেয়ারম্যান, ১নং মনপুরা ইউপি, মনপুরা, ভোলা।
০৯. উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মনপুরা, ভোলা।
১০. জনাবা ফরিদা বেগম, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, মনপুরা, ভোলা।
১১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা।
১২. উপজেলা শিক্ষা কর্মকর্তা, মনপুরা, ভোলা।
১৩. উপজেলা কৃষি কর্মকর্তা, মনপুরা, ভোলা।
১৪. উপজেলা মৎস্য কর্মকর্তা, মনপুরা, ভোলা।
১৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা।
১৬. উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মনপুরা, ভোলা।
১৭. উপজেলা সমাজসেবা অফিসার, মনপুরা, ভোলা।
১৮. উপজেলা সমবায় কর্মকর্তা, মনপুরা, ভোলা।
১৯. উপজেলা বন কর্মকর্তা, মনপুরা, ভোলা।
২০. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মনপুরা, ভোলা।
২১. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মনপুরা, ভোলা।
২২. সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প।

## অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'খ'

০১. উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা, মনপুরা, ভোলা।
০২. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মনপুরা, ভোলা।
০৩. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মনপুরা, ভোলা।
০৪. উপজেলা দারিদ্র বিমোচন কর্মকতা, মনপুরা, ভোলা।
০৫. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মনপুরা, ভোলা।